তারিখ ....................
পৃষ্ঠা ...... কলাম ... ৩ ......

দৈনিক ইত্তেফাক

### ছাত্র সংগঠনগুলির পদচারণায় মুখর ক্যাম্পাস

# অস্ত্রধারীদের বিতাড়ন ও বৈধ ছাত্রদের হলে পুনর্বাসনের দাবী

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ গতকাল রবিবার ঢাকা বিশ্ববিদ্যালয় মিছিলে, শ্লোগানে এবং ছাত্র সংগঠন কর্মীদের পদচারণায় মুখরিত ছিল। পূর্বেই ছাত্রদল ক্যাম্পাসে বিক্ষোভ কর্মসূচীর ঘোষণা

(১৫শ পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## অস্ত্রধারীদের

(শেষ পৃষ্ঠার পর)

দেওয়ায় কর্তৃপক্ষ নজীরবিহীন নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করিয়াছিলেন। ৩ শতাধিক পুলিশ, মহিলা পুলিশ কলাভবন এলাকা এবং বিশ্ববিদ্যালয়ের প্রবেশ পথগুলি ঘিরিয়া রাখে। দুই গাড়ী বিডিআর কিছুক্ষণ পর পর প্রদক্ষিণ করে। ভোর হইতেই ক্যাম্পাসের প্রবেশ দ্বারগুলিতে পরিচয়পত্র ও ব্যাগ পরীক্ষা করিয়া প্রবেশের অনুমতি দেওয়া হয়। তাই ছাত্রলীগ ও ছাত্রদলের মিছিল কয়েকবার একে-অপরকে পাশ কাটাইয়া গেলেও বাক্যবাণ বর্ষণ ছাড়া সংঘর্ষ ঘটে নাই। অন্যদিকে ক্যাম্পাসে ছাত্র-ছাত্রীদের উপস্থিতিও ছিল কম। বেশ কয়েকটি বিভাগে ক্লাস হয় নাই। ছাত্র-ছাত্রীরা ঔৎসুক্য নিয়া মিছিল, সমাবেশ প্রত্যক্ষ করিয়াছে। গতকালের ক্যাম্পাসে ছাত্রদল, ছাত্রলীগ ছাড়াও গণতান্ত্রিক ছাত্রঐক্য এবং জাসদ ছাত্রলীগ মিছিল সমাবেশ করে। ছাত্রলীগ ছাড়া অন্য তিনটি সংগঠন ক্যাম্পাসে দখলদারিত্বের অবসান ও পুলিশী হয়রানির প্রতিবাদ জানায়।

### ছাত্রদলের সমাবেশ

গতকাল ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল শেষে অনুষ্ঠিত সমাবেশ হইতে ছাত্রদল নেতৃবৃন্দ বিশ্ববিদ্যালয় প্রশাসনকে এক সপ্তাহের আলটিমেটাম দেয়। ইহার মধ্যে হলগুলিতে ছাত্রদল নেতা-কর্মীদের পুনর্বাসিত না করা হইলে লাগাতার ধর্মঘটসহ কঠোর কর্মসূচী দেওয়ার ঘোষণা দেন। কলাভবন বটতলায় বিশ্ববিদ্যালয় সভাপতি মনির হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে সাধারণ সম্পাদক সাহাবুদ্দিন লাল্টু, এ বি এম মোশাররফ হোসেন, রেহানা আক্তার রানু, নূরুল ইসলাম নয়ন, আসাদুজ্জামান প্রমুখ বক্তব্য রাখেন। সমাবেশে নেতৃবৃন্দ বিশ্ববিদ্যালয় ভিসি অধ্যাপক আজাদ চৌধুরী ও প্রক্টর অধ্যাপক নূরুন্নবীর পদত্যাগ দাবী করেন।

### গণতান্ত্রিক ছাত্রঐক্য

কেন্দ্রীয় গণতান্ত্রিক ছাত্রঐক্যও গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ে হলে হলে সকল ছাত্রকে পুনর্বাসিত করার দাবী জানাইয়া পুলিশী হয়রানির প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে। ক্যাম্পাসে মিছিল শেষে কলাভবনের সম্মুখে অনুষ্ঠিত সমাবেশে সভাপতিত্ব করেন ছাত্র ইউনিয়ন সভাপতি হাসান আরিফ সোহেল। আরও বক্তব্য রাখেন ছাত্রমৈত্রী সভাপতি দীপংকর সাহা দীপু ও ছাত্রফ্রন্ট সম্পাদক খোকন দাস।

### ছাত্রলীগ

গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের কর্মসূচী পালনকালে ছাত্রলীগও ক্যাম্পাসে ছাত্রদলের নৈরাজ্য সৃষ্টির ষড়যন্ত্রের প্রতিবাদে মিছিল, সমাবেশ করে। ডাকসু ভবনের সম্মুখে ছাত্রলীগ সভাপতি বাহাদুর বেপারীর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক অজয় কর খোকন, আনিসুর রহমান, লিয়াকত সিকদার, এ কে এম আজিম প্রমুখ।

### জাসদ ছাত্রলীগ

পুলিশী হয়রানি বন্ধ ও হল হইতে অস্ত্রধারীদের বিতাড়িত করার দাবীতে জাসদ ছাত্রলীগও গতকাল রবিবার ক্যাম্পাসে মিছিল, সমাবেশ করে। বক্তব্য রাখেন সভাপতি করিম সিকদার, সম্পাদক মীর্জা আনোয়ারুল হক প্রমুখ।